



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
www.bari.gov.bd
গাজীপুর-১৭০১



স্মারক নম্বর: ১২.২১.০০০০.০১৩.৮০.০৯২.১৯.৩৪৪

তারিখ: ৭ আষাঢ়, ১৪২৯

২১ জুন ২০২২


বিষয়: শ্যাম প্রসাদ চাকমা (BARI2480), বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, রাইখালী, কাপ্তাই, রাজশাহী পার্বত্য জেলা Western Sydney University, Australia-তে পিএইচডি কোর্স এর ডিসার্শন এর কপি এবং দেশে প্রত্যাবর্তনের পর নির্ধারিত ফরম জমা দান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় মোতাবেক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের অনুমতিক্রমে এমএস কোর্সের জন্য ১২/০১/২০১৫ খ্রি. থেকে ৩১/১২/২০১৬ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছর ১১ (এগারো) মাস ২০ (বিশ) দিন ও পিএইচডি কোর্সের জন্য ০১ জানুয়ারী ২০১৭ খ্রি. থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরসহ মোট ০৪ (চার) বছর ১১ (এগারো) মাস ২০ (বিশ) দিন প্রেষণাদেশ ও ০১ জানুয়ারি ২০২০ খ্রি. হতে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছর শিক্ষাছুটি প্রদান করা হয়।

আপনি উচ্চ শিক্ষা শেষে দেশে ফিরে কর্মস্থলে যোগদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর বরাবর আবেদন করেন। আপনার আবেদন পত্র মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর এর স্বাক্ষর হয়ে ১০ ফেব্রুয়ারি অত্র দপ্তরে পৌছায়।

উচ্চ শিক্ষার জন্য প্রদেয় শর্তানুযায়ী আপনি আবেদন পত্রের সাথে পিএইচডি ডিসার্শন এর কপি এবং দেশে প্রত্যাবর্তনের পর নির্ধারিত ফরম পূরণ করে প্রতিবেদন দাখিল করেননি। বিষয়টি টেলিফোন মারফত ও স্ব-শরীরে আপনাকেসহ তার অফিস ইনচার্জকে অবহিত করা হয়। কিন্তু আপনি পিএইচডি ডিসার্শন এর কপি এবং দেশে প্রত্যাবর্তনের পর নির্ধারিত ফরম পূরণ করে অত্র দপ্তরে প্রেরণ না করায় আপনার আবেদন পত্র বিধিসম্মত না হওয়ায় যোগদান পত্র গ্রহণ করা সম্ভব হলো না মর্মে আপনাকেসহ সংশ্লিষ্ট সকলকে জানিয়ে পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু আপনি উক্ত পত্রের কোন উত্তর ও পিএইচডি ডিসার্শন এর কপি এবং দেশে প্রত্যাবর্তনের পর নির্ধারিত ফরম পূরণ করে অত্র দপ্তরে অধ্যাবদি প্রেরণ করেননি।

এমতাবস্থায় পিএইচডি ডিসার্শন এর কপি এবং দেশে প্রত্যাবর্তনের পর নির্ধারিত ফরম পূরণ করে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য ২য় বার পত্র প্রেরণ করা হলো।



২১-৬-২০২২

ড. ফেরদৌসী ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)

শ্যাম প্রসাদ চাকমা (BARI2480), বৈজ্ঞানিক
কর্মকর্তা, পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই,


রাইখালী, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০১৩.৮০.০৯২.১৯.৩৪৪/১

তারিখ: ৭ আষাঢ়. ১৪২৯
২১ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, সেবা ও সরবরাহ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ২) পরিচালক, গবেষণা উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৩) পরিচালক, পরিকল্পনা ও মূল্যায়ন উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৪) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), এএসআইসিটি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (তথ্য সংরক্ষণ ও বিএআরআই ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৫) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, , পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, রাইখালী, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৬) উপপরিচালক (চলতি দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৭) সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৮) অফিস কপি, , প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুর



২১-৬-২০২২

ড. ফেরদৌসী ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)